গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
তথ্যআপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
www.totthoapa.gov.bd

স্মারক নং ৩২.০২.০০০০.২০৫.৫১(১).২০- ২৭৩২ তারিখ: ০৯ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ / ২৪ আগষ্ট ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ 'বঙ্গবন্ধু ও বাংলাদেশ' শীর্ষক চিত্রাংকন প্রতিযোগিতা ২০২১ সংক্রান্ত।
সূত্র: স্মারক নং ৪৩.০০.০০০০.১১৩.৯৯.০৮৭.২১-৪৬৭, তারিখ: ১৯/০৮/২০২১খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, ১৫ই আগষ্ট ২০২১ জাতীয় শোক দিবস ও জাতির পিতা বংবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬তম শাহাদতৎ বার্ষিকী উপলক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আয়োজনে ও বাংলাদেশ শিল্পকলা একাডেমির সহযোগিতায় দেশব্যাপী অনলাইনে 'বঙ্গবন্ধু ও বাংলাদেশ' শীর্ষক চিত্রাকংন প্রতিযোগিতা ২০২১ অনুষ্ঠিত হবে। জাতীর পিতার ৪৬তম শাহাদতবার্ষিকিকে সামনে রেখে বর্তমান কোভিড-১৯ মহামারীকালে ছাত্র/ছাত্রীসহ সকল শিল্পীদের উজ্জীবিত করা এবং জাতীর পিতার আদর্শকে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে এই চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এই অনলাইন প্রতিযোগিতায় উপজেলা পর্যায়ে চিত্রাংকন প্রতিযোগীদের চিত্রাংকন অনলাইনে আপলোড করার জন্য তথ্যআপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় ৪৯০টি উপজেলাধীন তথ্যকেন্দ্রে কর্মরত তথ্যসেবা কর্মকর্তা/ তথ্যসেবা সহকারীগণের সার্বিক সহযোগিতার জন্য অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়,তথ্যআপা: প্রকল্প (২য় পর্যায়) এর তথ্যকেন্দ্রে কর্মরত তথ্যসেবা কর্মকর্তা/ তথ্যসেবা সহকারীগণকে ১৫ই আগষ্ট ২০২১ জাতীয় শোক দিবস ও জাতির পিতা বংবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬তম শাহাদতৎ বার্ষিকী উপলক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত 'বঙ্গবন্ধু ও বাংলাদেশ' শীর্ষক চিত্রাকংন প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রতিযোগীদের চিত্রাংকন অনলাইনে আপলোডে সহায়তা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: 'বঙ্গবন্ধু ও বাংলাদেশ' শীর্ষক চিত্রাকংন প্রতিযোগিতা ২০২১ সংক্রান্ত পত্র ও বিজ্ঞপ্তি-০২ প্রস্থ।

২৪/৮/২১
(এস এম নাজিমূল ইসলাম)
উপ-প্রকল্প পরিচালক (প্রশাসন ও অর্থ)
তথ্যআপা: প্রকল্প (২য় পর্যায়)
ফোনঃ ০২-৪৮৩২১০৪৬

তথ্যসেবা কর্মকর্তা/তথ্যসেবা সহকারী (সকল)
তথ্যআপা:প্রকল্প (২য়) পর্যায়।
উপজেলা................., জেলা..............।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমাণুসারে নয়):
০১। প্রকল্প পরিচালক, তথ্য আপা: প্রকল্প (২য় পর্যায়)।
০২। উপ-প্রকল্প পরিচালক (ট্রেনিং ও মনিটরিং), তথ্য আপা: প্রকল্প (২য় পর্যায়)।
০৩। হিসাবরক্ষণ কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়)।
০৪। ওয়েব এ্যাডমিনিস্ট্রেটর/ প্রোগ্রামার, তথ্য আপা: প্রকল্প (২য় পর্যায়)।
০৫। সহকারী প্রোগ্রামার, তথ্য আপা: প্রকল্প (২য় পর্যায়)।
০৬। অফিস কপি/ গার্ড নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
শাখা-৪
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(www.moca.gov.bd)

স্মারক নম্বর : ৪৩.০০.০০০০.১১৩.৯৯.০৮৭.২১. ৪৬৭

তারিখ : ০৪ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
১৯ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: 'বঙ্গবন্ধু ও বাংলাদেশ' শীর্ষক চিত্রাংকন প্রতিযোগিতা ২০২১।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ১৫ই আগস্ট ২০২১ জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৬তম শাহাদাৎবার্ষিকী উপলক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আয়োজনে ও বাংলাদেশ শিল্পকলা একাডেমির সহযোগিতায় দেশব্যাপী অনলাইনে 'বঙ্গবন্ধু ও বাংলাদেশ' শীর্ষক চিত্রাংকন প্রতিযোগিতা ২০২১ অনুষ্ঠিত হতে যাচ্ছে। জাতির পিতার ৪৬তম শাহাদাৎবার্ষিকীকে সামনে রেখে বর্তমান কোভিড-১৯ মহামারীকালে ছাত্র-ছাত্রীসহ সকল শিল্পীদের উজ্জীবিত করা এবং জাতির পিতার আদর্শে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে এই চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এই অনলাইন প্রতিযোগিতায় উপজেলা পর্যায়ে চিত্রাংকন প্রতিযোগিদের অনলাইনে চিত্রাংকন আপলোড করার বিষয়ে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের 'তথ্য আপা প্রকল্প' এর সার্বিক সহযোগিতা কামনা করছি।

০২। বর্ণিতাবস্থায়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের 'তথ্য আপা প্রকল্প' এর মাধ্যমে স্থানীয় চিত্রাংকন প্রতিযোগিদের চিত্রাংকন আপলোডের বিষয়ে সহযোগিতা করে 'বঙ্গবন্ধু ও বাংলাদেশ' শীর্ষক চিত্রাংকন প্রতিযোগিতা ২০২১ সফল করার জন্য নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

সংযুক্তি : 'বঙ্গবন্ধু ও বাংলাদেশ' শীর্ষক চিত্রাংকন প্রতিযোগিতা ২০২১ সংক্রান্ত বিজ্ঞপ্তি-০১ প্রস্থ।

১৯/৮/২০২১
ড. ললিতা রানী বর্মন
উপসচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
ফোন : ৯৫১৫৫১৮
সেল : ০১৭১১১৭৭১২৪
ই-মেইল : lalitalalita2002@hotmail.com

সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ:আ: প্রকল্প পরিচালক, তথ্য আপা প্রকল্প, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫, নিউ বেইলি রোড, ঢাকা-১০০০)।

অনুলিপি:

১। প্রকল্প পরিচালক, তথ্য আপা প্রকল্প, জাতীয় মহিলা সংস্থা, ১৪৫, নিউ বেইলি রোড, ঢাকা-১০০০।
২। মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা।
৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিবের একান্ত সচিব (উপসচিব), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। উপজেলা নির্বাহী অফিসার উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল) ....।
৬। উপজেলা শিক্ষা অফিসার (সকল) ....(আপনার অধীনে সকল স্কুলসমূহে বহুল প্রচারের অনুরোধসহ)
৭। অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় , ঢাকা।
৮। অতিরিক্ত সচিব (সাংস্কৃতিক ঐতিহ্য-১)-এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। যুগ্মসচিব (অনুষ্ঠান)-এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১১২

একই স্মারক নম্বর ও তারিখে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
শাখা-৪
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moca.gov.bd

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.১২৩.২৪.০৩৯.১৯ - ৪৪৮

তারিখ: ০৪ শ্রাবণ ১৪২৮ / ১৯ জুলাই ২০২১

বিজ্ঞপ্তি

বিষয়: 'বঙ্গবন্ধু ও বাংলাদেশ' শীর্ষক চিত্রাংকন প্রতিযোগিতা ২০২১

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৬তম শাহাদাৎবার্ষিকী উপলক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আয়োজনে ও বাংলাদেশ শিল্পকলা একাডেমির সহযোগিতায় দেশব্যাপী অনলাইনে 'বঙ্গবন্ধু ও বাংলাদেশ' শীর্ষক চিত্রাংকন প্রতিযোগিতা ২০২১ অনুষ্ঠিত হতে যাচ্ছে । জাতির পিতার ৪৬তম শাহাদাৎবার্ষিকীকে সামনে রেখে বর্তমান কোভিড-১৯ মহামারীকালে ছাত্র-ছাত্রীসহ সকল শিল্পীদের উজ্জীবিত করা ও জাতির পিতার আদর্শে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে এই চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

'বঙ্গবন্ধু ও বাংলাদেশ' শীর্ষক চিত্রাংকন প্রতিযোগিতা ২০২১ এ অংশগ্রহণকারীদের জন্য অনুসরণীয় বিষয়াদি নিম্নরূপ:

(১) প্রতিযোগিতার থিম/শ্লোগান: 'বঙ্গবন্ধু ও বাংলাদেশ'।

(২) প্রতিযোগিতা ও প্রদর্শনীর ধরণ: চিত্রাংকন প্রতিযোগিতা।

(৩) প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের ক্যাটাগরি: (ক) শিশু (৬-১২ বছর), (খ) কিশোর (১৩-১৮ বছর), (গ) যুব ও অন্যান্য (১৯ বছরের উর্দ্ধে)।

(৪) চিত্রকর্মের ধরণ: ড্রইং (পেন্সিল, কলম, রং পেন্সিল, প্যাস্টেল, চারকোল প্রভৃতি)
পেইন্টিং (জলরং, এক্রিলিক, তৈলরং, মিশ্রমাধ্যম প্রভৃতি)।

(৫) প্রতিযোগিতার বিষয়বস্তু: বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ, বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ, ১০ই জানুয়ারি বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস, বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবন, বঙ্গবন্ধু ও তাঁর পরিবার, বঙ্গবন্ধু ও শোকাবহ ১৫ই আগস্ট এবং ১৭ই মার্চ: বঙ্গবন্ধু ও শিশুরা।

(৬) আবেদন অঞ্চল: সমগ্র বাংলাদেশ।

(৭) পুরস্কার:

(ক) ১ম, ২য়, ৩য় এই ৩টি ক্যাটাগরিতে মোট ০৯টি পুরস্কার, ক্রেস্ট ও সনদপত্র:

- ১ম পুরস্কার ২০,০০০/- টাকা, ১টি ক্রেস্ট ও ১টি সনদপত্র;
- ২য় পুরস্কার ১৮,০০০/- টাকা ১টি ক্রেস্ট ও ১টি সনদপত্র;
- ৩য় পুরস্কার ১৬,০০০/- টাকা, ১টি ক্রেস্ট ও ১টি সনদপত্র।

(খ) প্রতিটি প্রশাসনিক বিভাগীয় অঞ্চলে প্রতিটি বয়সভিত্তিক ক্যাটাগরিতে ০৫ (পাঁচ)টি করে মোট ১২০ (একশত বিশ) টি ১০০০/- (এক হাজার) টাকা ও ০১ (এক)টি করে সনদপত্র।

(৮) প্রতিযোগিতা ও ফলাফল ঘোষণার সময়সীমা:

- ইমেইলে চিত্রকর্মের আলোকচিত্র জমাদানের শেষ তারিখ: ১০ সেপ্টেম্বর ২০২১।
- ফলাফল ঘোষণার তারিখ: ২৬ সেপ্টেম্বর ২০২১।

(৯) আবেদন সংশ্লিষ্ট ডক্যুমেন্টস: পূরণকৃত নিবন্ধন ফরম, চিত্রকর্মের আলোকচিত্র, আবেদনকারীর ১ কপি রঙ্গিন ছবি ও জন্ম নিবন্ধন সনদপত্রের কপি/জাতীয় পরিচয়পত্রের কপি সংযুক্ত করে artcomp2021.bangabandhu@gmail.com এই ইমেইল আইডিতে প্রেরণ করতে হবে। অংশগ্রহণ সংশ্লিষ্ট সকল ডক্যুমেন্টস এর সফট কপি অবশ্যই সর্বোচ্চ ৫ মেগাবাইটের মধ্যে হতে হবে। চিত্রকর্মের আলোকচিত্র অবশ্যই জেপিইজি (JPG/JPEG) ফরম্যাটে সিএমওয়াইকে (CMYK) কালার মোডে ন্যূনতম ১ মেগাবাইটের মধ্যে হতে হবে।

(১০) প্রতিযোগিতা সংক্রান্ত যোগাযোগ: পরিচালক, চারুকলা বিভাগ, জাতীয় চিত্রশালা ভবন, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ১৪/৩ সেগুনবাগিচা, রমনা, ঢাকা-১০০০। ফোন: +৮৮০২৯৫৫০৬০২, মোবাইল: +৮৮০১৮১৯৮০৬৪৬৭। ইমেইল: artcomp2021.bangabandhu@gmail.com। এছাড়াও প্রতিযোগিতার বিজ্ঞপ্তি ও নিবন্ধন ফরম এবং প্রতিযোগিতার ফলাফল www.moca.gov.bd ও www.shilpakala.gov.bd – এই ওয়েবসাইট হতে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে।

২৬/৭/২০২১
(ড. ললিত রানী বর্মন)
উপসচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
ফোন : ৯৫১৫৫১৮
ds2@moca.gov.bd

Scanned with CamScanner